

# সংবাদ বিজ্ঞপ্তি

## কৃষিবিদ সম্ম্যা ২০১১ উদ্ঘাপিত

ড. মাকসুদুল বারী  
কৃষিবিদ কো-অর্ডিনেটর

গত ১২ জুন ২০১১ রাবিবার অত্যন্ত জাকজমকপূর্ণ পরিবেশে Ingleburn RSL Club এ অনুষ্ঠিত হলো অস্ট্রেলিয়া প্রবাসী বাংলাদেশী কৃষিবিদ কর্তৃক আয়োজিত কৃষিবিদ সম্ম্যা ২০১১। এই অনুষ্ঠান উপলক্ষ্যে প্রকাশিত হয়েছে কৃষিবিদদের স্মৃতিচারণমূলক প্রবন্ধ, গল্প ও কবিতায় সমৃদ্ধ সুন্দর একটি স্মরণিকা ‘বন্ধন’।

Les Kelly Function Room এ সম্ম্যা ৬:০০ টায় অনুষ্ঠান শুরু হয়ে রাত ১০:৩০ মিনিটে সমাপ্ত হয়। কৃষিবিদ ও তাঁদের পরিবারের সদস্যবর্গের সাথে উপস্থিত সকলের পারিচিতি, স্মৃতিচারণ, ‘স্মৃতির পাতা’ শীর্ষক এ্যালবাম প্রদর্শন এবং নিজস্ব শিল্পীদের সাংস্কৃতিক পরিবেশনায় সমৃদ্ধ অনুষ্ঠানটি ছিল অত্যন্ত উপভোগ্য। এছাড়া বিভিন্ন উপাদেয় খাবার পরিবেশনের সাথে সাথে অন্য উপাদান সমূহ সুন্দরভাবে ও সময়মত উপস্থাপন করায় সম্পূর্ণ অনুষ্ঠানটি হয়ে উঠে দীর্ঘদিন মনে রাখার মত।

আনুষ্ঠানিক স্মৃতিচারণ পর্বে Victoria থেকে আগত আঙ্কাস উদ্দিন আহমেদ, Queensland থেকে আগত ড. মোয়াজেজ হোসেন, কৃষিবিদদের প্রথম কো-অর্ডিনেটর জনাব মোতাহার হোসেন, প্রাক্তন কো-অর্ডিনেটর ড. নিজাম আহমেদ, প্রাক্তন জয়েন্ট কো-অর্ডিনেটর জনাব আবদুল জলিল, ড. কাইউম পারভেজ, জনাব এ ওয়াই এম তোজাম্বেল হক মুকুল, জনাব নূর রহমান খোকন সহ অনেক কৃষিবিদ তাঁদের ছাত্রজীবনের মধ্যে স্মৃতি বর্ণনা করে উপস্থিত সকলকে আনন্দাপ্ত করেন।

দুই অংশে বিভক্ত ‘স্মৃতির পাতা’ শীর্ষক এ্যালবামের প্রথম অংশে ছাত্রজীবনের স্মৃতিবিজড়িত ছবি এবং দ্বিতীয় অংশে প্রবাসজীবনে পিকনিক ও অন্যান্য অনুষ্ঠানের ছবি ইলেক্ট্রনিক পর্দায় প্রদর্শিত হয়। এই সময় অতীতের মধ্যে মূহূর্তগুলি যখন পর্দায় ভেসে উঠে তখন সকলেই ক্ষণিকের জন্য নিজ নিজ অতীতে হারিয়ে যান। জনাব জিয়াউল হক বাবলু, ড. হানিফ মিয়া বিলু, ড. মলয় বিশ্বাস, জনাব খন্দকার শাফি (জাকি) সহ অনেকের সংগৃহীত ছবি থেকে ‘স্মৃতির পাতা’ সংকলন করেন সাংস্কৃতিক উপ-কমিটির সদস্য ড. মলয় বিশ্বাস। ড. হানিফ মিয়া বিলু ও ড. লাভলী রহমানের সুন্দর উপস্থাপনায় অনুষ্ঠানটি ছিল প্রাণবন্ত।

সাংস্কৃতিক পর্ব শুরুর পূর্বে কৃষিবিদ কমিউনিটি অস্ট্রেলিয়ার কো-অর্ডিনেটর ড. মাকসুদুল বারী এই অনুষ্ঠানটি সফল করার জন্য জোন রিপ্রেজান্টেটিভসহ সংশ্লিষ্ট সকলকে আন্তরিক ধন্যবাদ ঝাপন করেন।

সাংস্কৃতিক উপ-কমিটির আহায়ক জনাব এ কে এম ফারকের সার্বিক তত্ত্বাবধানে এবং শরণ ও তৃষ্ণার উপস্থাপনায় সাংস্কৃতিক পর্বে নাচ ও গান পরিবেশন এবং কবিতা আবৃত্তি করেন কৃষিবিদ, পরিবারের সদস্য ও শিশু শিল্পীবৃন্দ। মনমুগ্ধকর পরিবেশনায় সমৃদ্ধ সাংস্কৃতিক পর্বাটি উপস্থিত সকলে উপভোগ করেন।

দুই শতাধিক অতিথির উপস্থিতিতে সম্পূর্ণ অনুষ্ঠানটি পরিণত হয়েছিল অস্ট্রেলিয়া প্রবাসী কৃষিবিদদের একটি মিলনমেলায়।





